

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

জেলা কার্যালয়, খুলনা

সুরক্ষা সেবা বিভাগ

১৪০, খানজাহান আলী রোড, খুলনা।

ই-মেইলঃ [khulna@dnce.gov.bd](mailto:khulna@dnce.gov.bd)

স্মারক নং-৫৮.০৪.০০০০.১৭৭.০০.০৬৭.১৪-১০৭২

তারিখ : ২৩/০৪/২০২৬

বিষয়: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস ২৬ জুন, ২০২৬ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতার আয়োজন প্রসংগে।

সূত্র: মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা এর ১৯/০৪/২০২৬ইং তারিখের ২৭৪ নং স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৬ জুন ২০২৬ “মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস” উদযাপিত হবে। তরুণ ও যুব সমাজের মধ্যে মাদকবিরোধী সচেতনতা সৃষ্টির লক্ষ্যে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস-২০২৬ উপলক্ষে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা কর্তৃক খুলনা জেলার মাধ্যমিক ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র-ছাত্রীদের নিকট হতে নিম্নবর্ণিত গ্রুপ ও বিষয়ে রচনা আহ্বান করা যাচ্ছে:

গ্রুপের নাম	শ্রেণি	রচনার বিষয়বস্তু	মন্তব্য
ক	৬ষ্ঠ-৮ম বা সমমান	সুনাগরিক গঠনে পরিবার ও বিদ্যালয়ের ভূমিকা	সর্বোচ্চ ১০০০ শব্দ
খ	৯ম-১০ম বা সমমান	তরুণদের স্বপ্ন ও মাদকমুক্ত আগামীর বাংলাদেশ	সর্বোচ্চ ১৫০০ শব্দ
গ	একাদশ-স্নাতকবা সমমান	মাদকমুক্ত সমাজ হোক উন্নত বাংলাদেশ বিনির্মানের ভিত্তি	সর্বোচ্চ ২০০০ শব্দ

প্রতিযোগিতার নিয়মাবলী:

১। খুলনা জেলার নিম্ন মাধ্যমিক/সমমান, মাধ্যমিক/সমমান, উচ্চ মাধ্যমিক/সমমান এবং স্নাতক/সমমান পর্যায়ের ছাত্র-ছাত্রী রচনা প্রতিযোগিতা অংশগ্রহণ করতে পারবে।

২। রচনা সাদা কাগজে বাংলা ভাষায় স্পষ্টাক্ষরে স্বহস্তে লিখতে হবে। কোনক্রমেই রচনা ফটোকপি গ্রহণযোগ্য নয়।

৩। রচনা প্রথম পাতায় প্রতিযোগীর নাম, পিতা/অভিভাবকের নাম, পত্র যোগাযোগের ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, অধ্যয়নরত শ্রেণী ও রোল নম্বর উল্লেখ করতে হবে।

৪। রচনা সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে দাখিল/প্রেরণ করতে হবে।

৫। খামের উপর "রচনা প্রতিযোগিতা: মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস, ২০২৬" লিখতে হবে।

৬। রচনা আগামী ১০/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে ছাত্র-ছাত্রীদের নিকটস্থ জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, খুলনা কার্যালয় এর উপপরিচালক বরাবর সরাসরি/ডাকযোগে পৌঁছাতে হবে।

পুরস্কার: রচনা প্রতিযোগিতায় গুণওয়ারি প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারীকে পুরস্কৃত করা হবে। পুরস্কার বিতরণের তারিখ ও স্থান পরে জানানো হবে।

অধ্যক্ষ/ প্রধান শিক্ষক

-----  
-----

(মলয় ভূষন চক্রবর্তী)

উপ-পরিচালক

ফোন : ০২৪৭৭৭২৮২৮৬

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। পরিচালক (অপারেশনস), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, খুলনা

৩। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, খুলনা

৪। মাধ্যমিক শিক্ষা অফিসার/ উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা (তাকে শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ/ প্রধান শিক্ষক মহোদয়গণকে অবহিত করণের অনুরোধসহ)

৫। পরিদর্শক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, খুলনা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

৬। অফিস কপি।